তারিখ 15 JUL 2009
পৃষ্ঠা ৩ কলাম ৪

যুগান্তর

# বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম পর্যবেক্ষণের জন্য কমিটি গঠন

যুগান্তর রিপোর্ট

আগামী শিক্ষাবর্ষে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের বিনামূল্যের পাঠ্যবই মুদ্রণ ও বিতরণ কার্যক্রম পর্যবেক্ষণ ও পরামর্শ দেয়ার জন্য সরকার রোববার ১৩ সদস্যের একটি জাতীয় কমিটি গঠন করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামানকে আহ্বায়ক করে গঠিত কমিটির অন্য সদস্যরা হলেন— ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) ভারপ্রাপ্ত মহাপরিচালক অধ্যাপক নোমানুর রশিদ, কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক নিতাই চন্দ্র সূত্রধর, প্রাথমিক শিক্ষা অধিদফতরের সাবেক মহাপরিচালক অধ্যাপক আজিজ আহমেদ চৌধুরী, র‌্যাবের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) কর্নেল রেজানুর খান, ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) উপকমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা (ডিএমপি কমিশনার মনোনয়ন দেবেন), আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাবকমিটির চেয়ারম্যান ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ শামসুল হক, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি);

বিতরণ : পৃষ্ঠা ২ : কলাম ৬

## বিতরণ : পাঠ্যপুস্তক

(৩য় পৃষ্ঠার পর)

সাবেক চেয়ারম্যান অধ্যাপক কফিল উদ্দিন আহমেদ, এটিএন বাংলার বার্তা বিভাগের প্রধান সাংবাদিক মনজুরুল আহসান বুলবুল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব মোঃ আবুল কাসেম ভূঁইয়া এবং শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব (কারিগরি-১) মোঃ আলেফ উদ্দিন। এ কমিটি প্রয়োজনে আরও সদস্য নিতে পারবে। কমিটি বিনামূল্যের পাঠ্যবই মুদ্রণের জন্য কাগজ কেনা, সংগ্রহ, পাঠ্যবই মুদ্রণ ও বিতরণ কার্যক্রম নিরন্তর পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় ক্ষেত্রে সরকারকে পরামর্শ দেবে।